সমকাল

তারিখ ..19 DEC 2016...
পৃষ্ঠা ...৪... কলাম ...২...

# ভিকারুননিসায় প্রথম শ্রেণিতে ভর্তির লটারি শুরু আজ

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর খ্যাতনামা শিক্ষা প্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ২০১৭ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে ভর্তির লটারি আজ সোমবার শুরু হচ্ছে। ২২ ডিসেম্বর পর্যন্ত লটারি অনুষ্ঠিত হবে। প্রথম শ্রেণিতে ভর্তি কার্যক্রম পরিচালিত হবে বেইলি রোডের মূল শাখায়। এ ছাড়া বিভিন্ন শাখা অনুসারে আজ ধানমণ্ডি প্রভাতি শাখায় সকাল ৮টা থেকে বেলা ১১টা ও দিবায় সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এবং আজিমপুর দিবা শাখায় আড়াইটা থেকে বিকেল ৫টা পর্যন্ত লটারির কার্যক্রম চলবে।

আগামীকাল মঙ্গলবার বসুন্ধরা প্রভাতির জন্য সকাল ৮টা থেকে বেলা ১১টা ও দিবা শাখায় বেলা সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত; ওইদিন বেলা আড়াইটা থেকে বিকেল ৫টা পর্যন্ত আজিমপুর শাখা প্রভাতি শাখার লটারি কার্যক্রম চলবে। ২১ ডিসেম্বর ইংরেজি মাধ্যম প্রভাতি শাখার লটারি সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত ও মূল দিবা দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে। ২২ ডিসেম্বর শেষ দিন মূল প্রভাতি শাখায় লটারি কার্যক্রম সকাল ৮টা থেকে দুপুর ১টা এবং ইংরেজি মাধ্যম দিবার লটারি দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত লটারি কার্যক্রম অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে সাধারণ ও বিভিন্ন কোটায় বাছাই করা শিক্ষার্থীর অভিভাবকরা নির্ধারিত তারিখে মূল প্রবেশপত্র নিয়ে (আবেদনকারী ছাড়া) লটারি আয়োজনের সময় উপস্থিত থাকতে পারবেন।